



গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর।

ওয়ার্ড নং-০৮, অঞ্চল-০৭

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-জিসিসি/ওয়ার্ড-০৮/WLCC/২০২২/

তারিখঃ-০২/১০/২০২২ইং

সভার নোটিশ

জনাব,

এতদ্বারা সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ০৬/১০/২০২২খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় গাজীপুর সিটি কর্পোরেশনের ৮নং ওয়ার্ড এর ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন (WLCC) চলতি কোয়ার্টার সভা ০৮নং ওয়ার্ড কার্যালয়ে অনুষ্ঠিত হবে। ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন (WLCC) এর মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ সেলিম রহমান (কাউন্সিলর ৮নং ওয়ার্ড) সভায় সভাপতিত্ব করবেন।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

আলোচ্য সূচীঃ

- ১। বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ।
- ২। ৮নং ওয়ার্ডের চলমান উন্নয়ন প্রকল্পের বিষয়ে আলোচনা।
- ৩। ৮নং ওয়ার্ডের সিটি কর আদায় বিষয়ে আলোচনা।

অনুলিপিঃ-

- ১। মাননীয় মেয়র মহোদয় (জিসিসি)
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা।
- ৩। অফিস কপি।

মোঃ সেলিম রহমান

সভাপতি(WLCC) ও কাউন্সিলর, ৮নং ওয়ার্ড
গাজীপুর সিটি কর্পোরেশন।



গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর।

ওয়ার্ড নং-০৮, অঞ্চল-০৭

উন্নয়নের গণতন্ত্র

শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-জিসিসি/ওয়ার্ড-০৮/WLCC/২০২২/

তারিখঃ-০৬/১০/২০২২ইং

গাজীপুর সিটি কর্পোরেশনের ৮নং ওয়ার্ডের WLCC চলতি কোয়ার্টার সভা

সভাপতিঃ	জনাব মোঃ সেলিম রহমান কাউন্সিলর ০৮নং ওয়ার্ড গাজীপুর সিটি কর্পোরেশন।
সভার স্থানঃ	৮নং ওয়ার্ডের ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়।
সভার তারিখঃ	০৬.১০.২০২২ইং, রোজ বৃহস্পতিবার।
সময়ঃ	বেলা ১১ঘটিকা।


সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে উপস্থাপনা করা হ'ল।

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতি মহোদয় গাজীপুর সিটি কর্পোরেশনের কার্যক্রম সচল ও গতিশীল করার লক্ষ্যে গঠিত কমিটির অদ্যকার সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্য সূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয়ঃ-

ক্রঃনং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত
১	বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ।	সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মাননীয় মেয়র কর্তৃক মনোনীত প্রতিনিধি গাজীপুর সিটি কর্পোরেশনের ০৮নং ওয়ার্ড সচিব জনাব মোঃ জাকির হোসাইন বিগত কোয়ার্টার সভার কার্যবিবরণী সভায় পড়ে শুনান।	বিগত কোয়ার্টার সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী পাঠান্তে অনুমোদন করা হ'ল।
২	৮নং ওয়ার্ডের চলমান উন্নয়ন প্রকল্পের বিষয়ে আলোচনা।	সভায় উপস্থিত সিভিল সোসাইটি /N.G.O প্রতিনিধি সদস্য জনাব মোঃ নূরুল ইসলাম (পানু) জানান যে, ৮নং ওয়ার্ডে বিগত উন্নয়ন মূলক কাজ গুলো গাজীপুর সিটি কর্পোরেশনের অঞ্চল ০৭এর প্রকৌশলীগণ সঠিক ভাবে তদারকি করেছেন এবং একই কাজ আরও ভালো ভাবে তদারকির জন্য সংশ্লিষ্ট প্রকৌশলীগণকে অনুরোধ করেন।	সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে চলমান উন্নয়ন প্রকল্পগুলো সঠিক ভাবে তদারকি করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩	৮নং ওয়ার্ডের সিটি কর আদায় বিষয়ে আলোচনা।	সভায় উপস্থিত সভাপতি জনাব মোঃ সেলিম রহমান কাউন্সিলর, ৮নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন। তিনি জানান বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়ার্ডের উন্নয়ন মূরক কাজ গুলো সঠিক ভাবে করার জন্য গাজীপুর সিটি কর্পোরেশনের বাড়ির কর, প্রতিষ্ঠানের কর ধার্য্য ও আদায় আগের তুলনায় বেড়েছে কিন্তু ধার্য্যকৃত কর তুলনামূলক ভাবে বেশি হওয়ায় দরিদ্র জনগোষ্ঠীর জন্য খুবই কষ্টকর হচ্ছে। এমতাবস্থায় কর কমানোর জন্য রাজস্ব কর্মকর্তা ও কর নির্ধারক কর্মকর্তাদের কাছে তিনি অনুরোধ করেন।	সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত আলোচনা সাপেক্ষে ধার্য্যকৃত কর কমিয়ে উন্নয়ন কাজ তরান্নিত করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
---	--	--	---

অদ্যকার সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্ত গুলি বাস্তবায়নের জন্য অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সেলিম রহমান

সভাপতি(WLCC) ও কাউন্সিলর, ৮নং ওয়ার্ড
গাজীপুর সিটি কর্পোরেশন।



গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর।

ওয়ার্ড নং-০৮, অঞ্চল-০৭

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-জিসিসি/ওয়ার্ড-০৮/WLCC/২০২২/

তারিখঃ-০৬/১০/২০২২ইং

ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন (WLCC) এর সভার ০৬/১০/২০২২ইং তারিখ এর উপস্থিতির স্বাক্ষর

পরিশিষ্ট “ক”

ক্রঃ নং	নাম	কমিটিতে পদবী	গঠন পরিচিতি	স্বাক্ষর
০১	মোঃ সেলিম রহমান	চেয়ারম্যান	ওয়ার্ড কাউন্সিলর	
০২	মিসেস বিনু বারেক	কো-চেয়ারম্যান	সংরক্ষিত কাউন্সিলর	
০৩	মোঃ একাঙ্কর আলী	সদস্য	বস্তি / দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
০৪	মোঃ জাহাঙ্গীর আলম	সদস্য		
০৫	মোছাঃ আমেনা বেগম	সদস্য		
০৬	মোঃ সারোয়ার কামাল	সদস্য		
০৭	মোঃ আব্দুর রহমান	সদস্য		
০৮	মোঃ রেজাউল করিম	সদস্য	সিভিল সোসাইটি/N.G.O প্রতিনিধি	
০৯	মোঃ শাহিন আলম	সদস্য		
১০	মোঃ মোকলেছুর রহমান (খোকন)	সদস্য		
১১	মোঃ নুরুল ইসলাম (পানু)	সদস্য		
১২	ফাতেমাতুজ জোহরা নিপু	সদস্য		
১৩	এড. মোঃ জাকির হোসেন	সদস্য	পেশাজীবী	
১৪	মোঃ মোসলেম উদ্দিন	সদস্য		
১৫	ওয়ার্ড সচিব, ৮নং ওয়ার্ড	সদস্য সচিব		মাননীয় মেয়র কর্তৃক মনোনীত প্রতিনিধি